

## মদন যখন আমার পিতা!

---

আল্ নোমান্ শামীম (পিচ্চি শামীম)

আমি যখন জন্ম নিলাম  
তুমি ছিলে অনেক দূরে।  
আমি যখন ভ্রুনে এলাম  
তখনো তুমি দূরে ছিলে।  
তোমার সাথে মা'য়ের দেখা  
তারো এক বছর আগে।

'নুতন বন্দর নুতন জীবন'  
সাগর মছনে তুমি যখন  
হেথা হোথা নোঙর ফেলো,  
মা আমার উদাসী মনে  
তোমার পথে চেয়েছিল।

পিতার দাবী বুকে নিয়ে  
ফুলের মালা গলে দিয়ে  
যেদিন তুমি এলে ঘরে  
পাশের বাড়ীর মদন তখন  
মুচকী হাসে তোমায় দেখে।

মিথ্যা দাবী, মিথ্যা আশা  
কতকাল চলবে এ সর্বনাশা!  
বাবা যদি তুমি হতে  
'আসল কাজের' সময়  
তবে কোথায় ছিলে!

---

আল্ নোমান্ শামীম (পিচ্চি শামীম), সিডনী, ২২/০৮/২০১১

Email # [bal.shameem@gmail.com](mailto:bal.shameem@gmail.com)